দৈনিক জনকণ্ঠ

তারিখ APR. 7 1999
পৃষ্ঠা: 2 কলাম 2

61

# প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের বক্তব্য

বুয়েট স্থাপত্য বিভাগকে ছাত্রছাত্রীরা স্বায়ত্তশাসিত ঘোষণা করেছে বলে মঙ্গলবার বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত সংবাদের বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদের বক্তব্য দিয়েছে। প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোঃ শাহজাহান স্বাক্ষরিত এক লিখিত বক্তব্যে ছাত্রছাত্রী কর্তৃক কথিত ঘোষণাকে অবৈধ হিসাবে আখ্যায়িত করা হয়। লিখিত বক্তব্যে রেজিস্ট্রার জানান, ইনস্টিটিউট অব আর্কিটেকচার স্থাপনের বিষয়ে সুপারিশ প্রদানের জন্য সরকার গত ১১ ফেব্রুয়ারি ৮ সদস্যের একটি কমিটি গঠন করেছে। এ কমিটির কার্যক্রমে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের কোন ভূমিকা নেই। কমিটি কর্তৃক প্রতিবেদন দাখিলের পূর্বে স্থাপত্য বিভাগের কিছুসংখ্যক ছাত্রছাত্রী কর্তৃক এ বিভাগকে স্বায়ত্তশাসিত ইনস্টিটিউট হিসাবে ঘোষণা সম্পূর্ণরূপে অবৈধ। লিখিত বক্তব্যে আগামী ১০ এপ্রিল অনুষ্ঠিতব্য ভর্তি পরীক্ষা ঘোষিত নিয়মাবলী অনুযায়ী সুষ্ঠুভাবে সম্পন্ন করতে এবং বিশ্ববিদ্যালয়ের একাডেমিক পরিবেশসহ সার্বিক পরিবেশ সুশৃঙ্খল রাখতে সকলের সহযোগিতা কামনা করা হয়। খবর বিজ্ঞপ্তির।